খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

এবং

সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮

সূচিপত্র

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

উপক্রমণিকা.. ৫

সেকশন-১: খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ ও কার্যাবলী....................... ৬

সেকশন-২: খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact).................. ৮

সেকশন-৩: কৌশলগত উদ্দেশ্যেসমূহ, কার্যাবলী, কর্মকৃতি, নির্দেশকসমূহ ও লক্ষ্যমাত্রাসমূহ.. ৯

সংযোজনী-১: শব্দসংক্ষেপ (Acronyms) ১২

সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ ।................. ১৩

সংযোজনী-৩: অন্য মন্ত্রণালয়/ বিভাগের নিকট সুনিদিষ্ট কর্মসম্পদন চাহিদাসমূহ.. ১৪

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কর্ম সম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of Khulna University of Engineering and Technology)

প্রকৌশল ও প্রযুক্তির বিভিন্ন ক্ষেত্রে অগ্রসরমান বিশ্বের সাথে সঙ্গতি রক্ষা ও সমতা অর্জন এবং জাতীয় পর্যায়ে উচ্চ শিক্ষা ও গবেষণা, আধুনিক জ্ঞান চর্চা ও পঠন-পাঠনের সুযোগ সৃষ্টি ও সম্প্রসারণের নিমিত্তে বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজি, খুলনা-কে উন্নীত ও রূপান্তরক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জাতীয় সংসদ কর্তৃক পাশকৃত ২০০৩ সালের ৩৩নং আইনের মাধ্যমে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছে। এ বিশ্ববিদ্যালয়টি দেশের দক্ষিণ-পশ্চিম অঞ্চলের খুলনা-যশোর-ঢাকা মহাসড়কের পশ্চিম পার্শ্বে ফুলবাড়ীগেট নামক স্থানে ১০১ একর জমির উপর প্রতিষ্ঠিত।

সাম্প্রতিক অর্জনসমূহঃ

বর্তমানে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ৩ (তিন) টি অনুষদের আওতায় ১৮ (আঠারো) টি বিভাগ রয়েছে, যার মধ্যে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং, এম.এস-সি.ইঞ্জিনিয়ারিং, পি-এইচ.ডি. সহ ২৫টি প্রোগ্রামে শিক্ষার্থীরা উচ্চ শিক্ষা গ্রহণ করছে। চলতি ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে Material Science and Engineering (MSE) এবং Architechture বিভাগ খোলা হয়েছে এবং ইতোমধ্যে শিক্ষার্থী ভর্তি হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অত্র প্রতিষ্ঠানকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করার ক্ষেত্রে বস্ত্র ও চামড়া খাতে প্রকৌশল ও প্রযুক্তি সম্পর্কিত বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর কার্যক্রম চালু করার বিষয়ে অগ্রাধিকার প্রদান করায় তার ভিত্তিতে অত্র বিশ্ববিদ্যালয়ে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ও লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগ চালুসহ স্নাতক পর্যায়ে শিক্ষার্থী ভর্তি করা হয়েছে, ইতোমধ্যে শিক্ষার্থীরা ডিগ্রী অর্জন করে কর্মজীবনে প্রবেশ করেছে।

অত্র বিশ্ববিদ্যালয়ে চলতি ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুমোদনক্রমে Institute of Environment and Power Technology (IEPT) এর কার্যক্রম শুরুসহ ইতঃপূর্বে Institute of Information and Communication Technology (IICT) এবং Institute of Disaster Management (IDM)-সহ মোট ৩ (তিন) টি ইনস্টিটিউট চালু আছে। দেশে-বিদেশে শ্রমবাজারে প্রযুক্তি ভিত্তিক জনবলের ব্যাপক চাহিদা বিবেচনা করে ইতোমধ্যে IICT-তে Post Graduate Diploma in Information Technology (PGDIT) সহ কিছু সার্টিফিকেট কোর্স চালু করা হয়েছে এবং কয়েকটি ব্যাচ শিক্ষা কার্যক্রম সম্পন্ন করেছে।

শিক্ষার্থীদের হাতে-কলমে প্রশিক্ষণার্থে অত্র বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের আওতাধীন ল্যাব সমূহে অত্যাধুনিক যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে। এক্ষেত্রে উল্লেখ্য যে, Leather Engineering বিভাগের আওতাধীন ল্যাবকে সমৃদ্ধ করার লক্ষ্যে ২৫ (পঁচিশ) কোটি টাকার প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে। এছাড়া HEQEP ও বিমক কর্তৃক অনুমোদিত বিভিন্ন শিক্ষকগণের প্রকল্পের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ে ল্যাব উন্নয়ন কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। HEQEP এর আওতায় একটি প্রকল্পের আওতায় অত্র বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরীকে আধুনিকায়ন করা হয়েছে, যার মাধ্যমে শিক্ষক/শিক্ষার্থীরা বই পড়া,বই গ্রহণ ও জমাসহ সকল কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে পারছে। উল্লেখ্য যে, অত্র বিশ্ববিদ্যালয়ের ডিজিটাল লাইব্রেরী দেশে-বিদেশে ব্যাপক সুনাম কুড়িয়েছে এবং অন্যান্য বিশ্ববিদ্যালয়সহ শিক্ষা প্রতিষ্ঠানসমূহের কাছে এটি একটি রোল মডেল, যা সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার ক্ষেত্রে একটি অনুকরণীয় উদাহরণ।

সাম্প্রতিক সময়ে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এ অবকাঠামোগত বিপুল উন্নয়ন সাধিত হয়েছে এবং কিছু প্রক্রিয়াধীন আছে। তার মধ্যে উল্লেখযোগ্য কার্যক্রমসমূহঃ

- প্রশাসনিক ভবনের সম্প্রসারণ;
- Civil/Electrical/Mechanical Engineering ভবনের সম্প্রসারণ;
- New Academic ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ;
- Urban and Rural Planning/Architecture বিভাগের ভবন নির্মাণ;
- ছাত্রীদের জন্য রোকেয়া হল-এর সম্প্রসারণ;
- Student's Welfare Centre Cum Cafeteria নির্মাণ;
- Guest House Cum Club নির্মাণ;
- Medical Centre নির্মাণ;
- অডিটরিয়াম সম্প্রসারণ ও সংস্কার;
- খেলার মাঠের সংস্কার;

অত্র বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রনালয়ের দীর্ঘদিনের যোগাযোগের ধারাবাহিকতায় বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ খুলনা জেলার মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে আইটি পার্ক/ হাইটেক পার্ক স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করেছে এবং ইতোমধ্যে গত ১৫/১১/২০১৬ইং এ জন্য নির্ধারিত স্থান পরিদর্শন করে। বর্তমানে আইটি পার্ক/ হাইটেক পার্ক স্থাপনের জন্য বিষয়টি চুড়ান্ত পর্যায়ে রয়েছে।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা কার্যক্রম মানসম্পন্ন ও স্বচ্ছতার সাথে করার জন্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ও HEQEP প্রকল্পের Institutional Quality Assurance Unit এর পরামর্শ ও দিক নির্দেশনা অনুযায়ী অত্র বিশ্ববিদ্যালয়ে Institutional Quality Assurance Cell (IQAC) স্থাপন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে, যার কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়েছে।

অত্র বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ক্যাম্পাসে শিক্ষার্থীদের দক্ষতা, নিয়মানুবর্তিতা, নেতৃত্ব, জাতীয় দুর্যোগ মোকাবেলায় দক্ষ জনশক্তি হিসাবে গড়ে তোলার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি) এর একটি যৌথ সেনা (পুরুষ ও মহিলা) প্লাটুন স্থাপনের বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীসহ সকলের নিরাপত্তা নিশ্চিত করার জন্য বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে সিসি ক্যামেরা বসানো হয়েছে।

অতি সম্প্রতি খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিশ্বের উন্নত দেশের ন্যায় উন্নত প্রযুক্তির উদ্ভাবন, উৎকর্ষ সাধন, গবেষণা ও মেধাস্বত্বের সংরক্ষণ এবং জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে যথাযথ বিপণনের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/ গবেষকগণকে সহায়তা প্রদানের জন্য Public Private Partnership এর Concept এ Innovation and Innovator Cell (IIC) চালু করার প্রাথমিক পদক্ষেপ গ্রহণ করেছে। উল্লেখ্য যে, Centre for Policy Research Bangladesh (CPRB) অত্র বিশ্ববিদ্যালয়কে এ বিষয়ে Idea ও Concept প্রদানসহ অন্যান্য বিষয়ে কারিগরী সহায়তা প্রদান করছে। এ বিষয়ে একটি বিমক ও শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে Public Private Partnership কর্তৃপক্ষকে Project Proposal প্রেরণ করা হয়, যা প্রক্রিয়াধীন আছে।

সমস্যা ও চ্যালেঞ্জসমূহঃ

প্রকৌশল ও প্রযুক্তি ভিত্তিক শিক্ষার মূল উপাদান বাস্তব প্রশিক্ষণ ও যুগোপযোগী প্রযুক্তির ব্যবহার। সে লক্ষ্যে আধুনিক ল্যাবরেটরি, পর্যাপ্ত যন্ত্রপাতি ও রাসায়নিক দ্রব্য সরবরাহ নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় বরাদ্দ যথেষ্ট নয়। অত্র বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য বিমক কর্তৃক প্রাপ্ত আর্থিক অনুমোদিত জনবল পর্যাপ্ত নয়। দক্ষ ও মেধাবী প্রকৌশলীকে শিক্ষকতা পেশায় আকৃষ্ট করার জন্য সুযোগ-সুবিধা বৃদ্ধি প্রয়োজন।

ভবিষ্যৎ পরিকল্পনাসমূহঃ

প্রকৌশল ও প্রযুক্তি শিক্ষার সম্প্রসারণ এবং সাম্প্রতিক বিশ্বে শ্রমবাজারে প্রযুক্তি সংক্রান্ত জনবলের ব্যাপক চাহিদা পূরণের লক্ষ্যে Oceanography, Mechatronics, Aerospace Engineering এবং Chemical Engineering বিভাগসমূহ খোলার পরিকল্পনা নেওয়া হয়েছে। ক্লাস রুম, ল্যাব সুবিধা ও শিক্ষার্থীদের আবাসন সুবিধা বৃদ্ধির জন্য জমি অধিগ্রহণ, অবকাঠামোগত উন্নয়নের জন্য বিভিন্ন ভবন সম্প্রসারণ ও নতুন ভবন তৈরী, বিভিন্ন ল্যাব আধুনিকায়ন ও প্রয়োজনীয় বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয়ের পরিকল্পনা নেয়া হয়েছে।

২০১৭-২০১৮ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ ঃ

- Institutional Quality Assurance Cell (IQAC) কর্তৃক একাডেমিক কার্যক্রমের মূল্যায়ন শুরু করা
- IT Cell এর কার্যক্রম শুরু করা
- হাইটেক পার্কের কার্যক্রম শুরু করা

উপক্রমণিকা (Preamble)

সরকারী দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর এর প্রতিনিধি হিসাবে

রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

এবং

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাননীয়চেয়ারম্যান এর প্রতিনিধি হিসাবে

সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন-এর মধ্যে ২০১৭ সালের _________ মাসের _____ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হ'ল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন।

সেকশন-১

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ ও কার্যাবলী

১.১ রূপকল্প (Vision):

দক্ষ জনশক্তি তৈরি ও আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখা।

১.২ অভিলক্ষ্য (Mission)::

গুণগত মানসম্পন্ন প্রকৌশল, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক উচ্চশিক্ষা ও গবেষণা নিশ্চিত করা এবং আধুনিক ও টেকসই প্রযুক্তির উদ্ভাবনের মাধ্যমে জাতির উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জনে যথোপযুক্ত অবদান রাখা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১.৩.১ খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. প্রকৌশল ও প্রযুক্তি ভিত্তিক দক্ষ জনশক্তি সৃষ্টি করতে নতুন নতুন ইনস্টিটিউট/বিভাগ চালু করা।
২. প্রশিক্ষিত এবং দক্ষ মানব সম্পদ তৈরীর লক্ষ্যে আইটি/আইসিটি কোর্স চালু করা।
৩. ভৌত অবকাঠামো তৈরী ও উন্নয়ন
৪. আধুনিক ল্যাবরেটরি সমৃদ্ধ বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষা নিশ্চিত করা।
৫. শিক্ষক/গবেষক/শিক্ষার্থীদের জন্য দেশীয় এবং আন্তর্জাতিক বিদ্যমান নেটওয়ার্কের সুযোগ-সুবিধা বৃদ্ধি।
৬. শিক্ষক/শিক্ষার্থীদের গবেষণার জন্য বৃত্তি ও ফেলোশিপের ব্যবস্থা করা।
৭. বিভাগ/ইনস্টিটিউট পর্যায়ে মাননিশ্চিতকরণ ব্যবস্থাপনা সেলের মাধ্যমে একাডেমিক প্রোগ্রাম মূল্যায়ন।

১.৪ কার্যাবলী:

১. স্নাতক, স্নাতকোত্তর, সার্টিফিকেট কোর্সে পাঠক্রম নির্ধারণ, শিক্ষাদান, গবেষণা ও জ্ঞান বিতরণের ব্যবস্থা করা। শিক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ এবং ডিগ্রী প্রদান করা।
২. শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের পদ সৃষ্টি করা, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক আর্থিক অনুমোদিত পদসমূহে সিলেকশন কমিটির সুপারিশ অনুযায়ী নিয়োগ প্রদান করা।
৩. দেশে-বিদেশে অন্যান্য বিশ্ববিদ্যালয়ের সাথে যোগাযোগ ও যৌথ গবেষণা কার্যক্রম গ্রহণ করা।
৪. বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সহশিক্ষা কার্যক্রম গ্রহণ, তাদের নিরাপত্তা নিশ্চিতকরণ, তাদের বসবাসের জন্য হল স্থাপন ও রক্ষণাবেক্ষণ।
৫. বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাধ্যমে সরকারের নিকট থেকে অর্থ গ্রহণ করা, রাজস্ব ও উন্নয়ন খাতের অনুমোদিত বাজেট অনুযায়ী রক্ষণাবেক্ষণ, বন্টন ও খরচ করা।
৬. বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক চাহিদাকৃত তথ্য ও পরিসংখ্যান প্রেরণ
৭. সরকার, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কিংবা কোন আইন বলে প্রদত্ত যে কোন ক্ষমতা প্রয়োগ বা দায়িত্ব পালন করা।
৮. বিশ্ববিদ্যালয়ের অভীষ্ট লক্ষ্য অর্জন ও বাস্তবায়নকল্পে প্রয়োজনীয় অন্যান্য কাজকর্ম সম্পাদন করা।
৯. মাননিশ্চিতকরণ ব্যবস্থাপনা সেলের মাধ্যমে একাডেমিক প্রোগ্রাম মূল্যায়ন।

আমি, রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের প্রতিনিধি হিসেবে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাননীয় সচিবের নিকট অঙ্গিকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, কমিশনের চেয়ারম্যান মহোদয়ের প্রতিনিধি হিসাবে রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিকট অঙ্গীকার করছিযে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

------------------------------ ------------------

রেজিস্ট্রার তারিখ

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

------------------------------ ------------------

সচিব তারিখ

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

সেকশন-২:

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)		কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator)	একক (Unit)	প্রকৃত		লক্ষ্যমাত্রা	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহের নাম	উপাত্তসূত্র (Source of Data)
				২০১৫-১৬	২০১৬-১৭*	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০		
১	পেশাগত ডিগ্রীকোর্সে ছাত্র/ছাত্রী ভর্তির হার	বৃদ্ধির হার	%	৯.৯	৯.৮	১১.৫	১০.০	৩.৫	খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন	বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনকে প্রেরিত প্রতিবেদন, বিশ্ববিদ্যালয়ের বাজেট, একাডেমিক রেকর্ড
২	স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রীধারীর হার	গ্রাজুয়েটদের/পোস্ট গ্রাজুয়েটদের হার	%	৩.৯	১০.৬	৯.১	৯.১	১০	খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন	বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনকে প্রেরিত প্রতিবেদন, বিশ্ববিদ্যালয়ের বাজেট, একাডেমিক রেকর্ড
৩	উচ্চ শিক্ষায় ছাত্রী ভর্তির হার	তালিকাভূক্তির হার	%	১৫.৭৩	১৫.০১	১৫.৩৮	১৫.৩৮	১৫.৫৪	খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন	বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনকে প্রেরিত প্রতিবেদন, বিশ্ববিদ্যালয়ের বাজেট, একাডেমিক রেকর্ড

* চলতি শিক্ষাবর্ষে ভর্তি ও চূড়ান্ত ফলাফল প্রকাশের বিষয়টি প্রক্রিয়াধীন আছে

সেকশন-৩:

কৌশলগত উদ্দেশ্যেসমূহ, কার্যাবলী, কর্মকৃতি, নির্দেশকসমূহ ও লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of strategic Objectives)	কার্যক্রম (Activities)	কার্যসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্ম সম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন ২০১৫-২০১৬	প্রকৃত অর্জন ২০১৬-২০১৭	লক্ষ্যসমূহ/নির্ণায়ক ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18) অসাধারণ ১০০%	অতি উত্তম ৯০%	উত্তম ৮০%	চলতি মান ৭০%	চলতি মানের নিম্নে ৬০%	প্রক্ষেপন (Projection) ২০১৮-২০১৯	প্রক্ষেপন ২০১৯-২০২০
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
[১] প্রকৌশল ও প্রযুক্তি ভিত্তিক দক্ষ জনশক্তি সৃষ্টি করতে নতুন নতুন ইনস্টিটিউট/ বিভাগ চালু করা।	৮০.০০	[১.১] নতুন ইনস্টিটিউট চালুকরণ	[১.১.১] অনুমোদন প্রাপ্ত ইনস্টিটিউট	সংখ্যা	১০	-	১	-	-	-	-	-	-	-
		[১.২] নতুন বিভাগ চালুকরণ	[১.২.১] অনুমোদন প্রাপ্ত বিভাগ	সংখ্যা		-	২	২	-	-	-	-	৪	-
[২] প্রশিক্ষিত এবং দক্ষ মানব সম্পদ তৈরি।		[২.১] আইসিটি/আইটি কোর্স চালুকরণ	[২.১.১] আইসিটি/আইটি কোর্স চালু	সংখ্যা	৫	৯	৩	৮	১	-	-	-	৯	১০
			[২.১.২] আইটি সেল চালু	সংখ্যা	৫	-	১	-	-	-	-	-	-	-
			[২.১.৩] আইটি পার্ক স্থাপন	সংখ্যা	৫	-	-	১	-	-	-	-	-	-
[৩] ভৌত অবকাঠামো তৈরী ও উন্নয়ন		[৩.১] প্রশাসনিক অবকাঠামো	[৩.১.১] নতুন অবকাঠামো স্থাপন	সংখ্যা	১৫	৪	-	-	-	-	-	-	-	-
			[৩.১.২] সম্প্রসারণ	সংখ্যা		১	-	-	-	-	-	-	-	-
		[৩.২] শিক্ষার্থীদের আবাসিক হল	[৩.২.১] নতুন অবকাঠামো স্থাপন	সংখ্যা		১	-	১	-	-	-	-	১	-
			[৩.২.২] সম্প্রসারণ	সংখ্যা		১	-	-	-	-	-	-	-	-
		[৩.৩] শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর জন্য আবাসিক ভবন	[৩.৩.১] নতুন অবকাঠামো স্থাপন	সংখ্যা		২	-	-	-	-	-	-	-	-
			[৩.৩.২] সম্প্রসারণ	সংখ্যা		১	-	-	-	-	-	-	-	-
[৪] আধুনিক ল্যাবরেটরি সমৃদ্ধ বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষা নিশ্চিত করা।		[৪.১] বৈজ্ঞানিক যন্ত্রপাতি এবং সরঞ্জামাদি সরবরাহ	[৪.১.১] নতুন ল্যাবরেটরী তৈরী	সংখ্যা	১৫	৭	৮	২	-	-	-	-	২	২
			[৪.১.২] ল্যাব যন্ত্রপাতি ও সরঞ্জামাদি ক্রয়	সংখ্যা		৩৮৫০	১৫০০	৫০০	১০০	১০০	-	-	১২০০	-
[৫] শিক্ষক/গবেষক/শিক্ষার্থীদের জন্য দেশীয় এবং আন্তর্জাতিক বিদ্যমান নেটওয়ার্কের সুযোগ-সুবিধা বৃদ্ধি।		[৫.১] বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সাথে গবেষণা চুক্তি	[৫.১.১] স্টুডেন্ট এক্সচেঞ্জ প্রোগ্রাম	সংখ্যা	৫	২	-	-	১	-	-	-	-	১
			[৫.১.২] শিক্ষক/গবেষকদের ফেলোশীপ	সংখ্যা		২	-	-	-	১	-	-	-	১
			[৫.১.৩] ল্যাব/লাইব্রেরী অনলাইন এক্সেসেস	সংখ্যা		-	২	-	-	১	-	-	-	১
		[৫.২] দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠানের সাথে নেটওয়ার্ক সুবিধা	[৫.২.১] দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়ের সাথে আন্ত:নেটওয়ার্ক সুযোগ-সুবিধা	সংখ্যা	৫	-	-	১	-	-	-	-	-	-
[৬] শিক্ষার্থীদের গবেষণার জন্য বৃত্তি ও ফেলোশিপের ব্যবস্থা করা।		[৬.১] উচ্চ শিক্ষা সংক্রান্ত বিভিন্ন বিষয়ের উপর গবেষণা	[৬.১.১] বিশ্ববিদ্যালয় অর্থায়নে	সংখ্যা	১০	১৫	২৩	২০	৫	-	-	-	৩০	-
			[৬.১.২] HEQEP	সংখ্যা		-	-	-	-	-	-	-	-	-
			[৫.১.৩] UGC	সংখ্যা		৩	১	-	-	-	-	-	-	-

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of strategic Objectives)	কার্যক্রম (Activities)	কার্যসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্ম সম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যসমূহ/নির্ণায়ক ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18)					প্রক্ষেপন (Projection) ২০১৮-২০১৯	প্রক্ষেপন ২০১৯-২০২০
						২০১৫-২০১৬	২০১৬-২০১৭	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
[৭] প্রাতিষ্ঠানিক পর্যায়ে মান নিশ্চিতকরণ ব্যবস্থাপনা সেলের মাধ্যমে একাডেমিক প্রোগ্রাম মূল্যায়ন		[৭.১] একাডেমিক প্রোগ্রাম মূল্যায়ন	[৭.১.১] মূল্যায়িত একাডেমিক প্রোগ্রাম	সংখ্যা	৫	-	-	৫	৩	২	-	-	২০	২৫
আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ														
দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	৪	২০১৭-১৮ অর্থ বছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল	নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রনারয়ে দাখিলকৃত	তারিখ	.৫			১৯ এপ্রিল	২৩ এপ্রিল	২৫ এপ্রিল	২৬ এপ্রিল	২৭ এপ্রিল		
		মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর	নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত	তারিখ	১			১৫ জুন	১৮ জুন	১৯ জুন	২০ জুন	২১ জুন		
		২০১৬-১৭অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল	নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১			১৬ জুলাই	১৮ জুলাই	১৯ জুলাই	২০ জুলাই	২৩ জুলাই		
		২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরীবিক্ষণ	ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	.৫			৪	৩	-	-	-		
		২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল	নির্ধারিত তারিখে অর্ধবাষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১			১৪ জানু:	১৬ জানু:	১৮ জানু:	২১ জানু:	২২ জানু:		
কার্য পদ্ধতি ও সেবার মানোন্নয়ন	৯	ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন	ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত	তারিখ	১			৪০	৩৫	৩০	২৫	২০		
		ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা	ইউনিকোড ব্যবহার নিশ্চিতককৃত	%	১			১০০	৯৫	৯০	৮৫	৮০		
		পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ	পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারিকৃত	%	১			১০০	৯০	৮০	-	-		
		সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদান	প্রকাশিত সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত	%	১			১০০	৯০	৮০	৭০	৬০		
		অভিযোগ প্রতিকার ব্যাবস্থা বাস্তবায়ন	নিস্পত্তিকৃত অভিযোগ	%	১			৯০	৮০	৭০	৬০	৫০		
		সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা	সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতারেদ মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত	%	১			৮০	৭৫	৭০	৬৫	৬০		

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of strategic Objectives)	কার্যক্রম (Activities)	কার্যসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্ম সম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যসমূহ/নির্ণায়ক ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18)					প্রক্ষেপন (Projection) ২০১৮-২০১৯	প্রক্ষেপন ২০১৯-২০২০
						২০১৫-২০১৬	২০১৬-২০১৭	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
		দপ্তর/ সংস্থায় কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালু করা।	কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালুকৃত	তারিখ	১			৩১ ডিসে:	৩১ জানু:	২৮ ফেব্রু:	-	-		
		দপ্তর/ সংস্থায় কমপক্ষে ৩টি সেবাপ্রকিয়া সহজীকৃত	কমপক্ষে ৩টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত	তারিখ	১			৩১ ডিসে:	৩১ জানু:	২৮ ফেব্রু:	১৫ মার্চ	-		
		দপ্তর/সংস্থা ও অধীনস্থ কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP)বাস্তবায়ন	উদ্ভাবনী উদ্যোগ ও SIP- সমূহের ডাটাবেজ প্রস্তুতকৃত	তারিখ	১			৪ জানু:	১১ জানু:	১৮ জানু:	২৫ জানু:	৩১ জানু:		
			উদ্ভাবনী উদ্যোগ ও SIP- রেপ্লিকেটেড	সংখ্যা	১			২৫	২০	১৫	১০			
আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন	৩	অডিট আপত্তি নিস্পত্তি	অডিট আপত্তি নিস্পত্তিকৃত	%	১			৫০	৪৫	৪০	৩৫	৩০		
		স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা	স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা	তারিখ	১			১ ফেব্রু:	১৫ ফেব্রু:	২৮ ফেব্রু:	২৮ মার্চ	১৫ এপ্রিল		
			অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা	তারিখ	.৫			১ ফেব্রু:	১৫ ফেব্রু:	২৮ ফেব্রু:	২৮ মার্চ	১৫ এপ্রিল		
		দপ্তর/ সংস্থায় কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা।	কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েব সাইটে প্রকাশিত	তারিখ	.৫			১৫ ফেব্রু:	২৯ অক্টোবর	১৫ নভে:	৩০ নভে:	১৪ ডিসেম্বর		
দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন	৩	সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণের সময়	জন ঘন্টা	১			৬০	৫৫	৫০	৪৫	৪০		
		জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ণ	২০১৬-১৭ অর্থবছরের শদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠমো প্রণীত দাখিলকৃত	তারিখ	.৫			১৩ জুলাই	৩১ জুলাই	-	-	-		
			নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিরীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	.৫			৪	৩	-	-	-		
তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন	২	তথ্য বাতায়ন হালনাগাদকরণ	তথ্য বাতায়ন হালনাগাদকৃত	%	.৫			প্রতি মাসের ১ম সপ্তাহ	প্রতি মাসের ২য় সপ্তাহ	প্রতি মাসের ৩য় সপ্তাহ	-	-		
		স্বপ্রনোদিত তথ্য প্রকাশ	স্বপ্রনোদিত তথ্য প্রকাশিত	%	.৫			১০০	৯০	৮৫	৮০	৭৫		
		বার্ষিক প্রতিবেদন প্রনয়ন ও প্রকাশ	বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	১			১৫ অক্টোবর	২৯ অক্টোবর	১৫ নভেম্বর	৩০ নভেম্বর	১৪ ডিসেম্বর		

সংযোজনী -১:

শব্দসংক্ষেপ (Acronyms)

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	বিমক	বাংলাদেশ মঞ্জুরী কমিশন
২	হেকেপ (HEQEP)	হায়ার ইডুকেশন কোয়ালিটি এনহেন্সমেন্ট প্রজেক্ট
৩	বিডিরেন (BdREN)	বাংলাদেশ রিসার্চ এন্ড এডুকেশন নেটওয়ার্ক
৪	মন্ত্রণালয়	শিক্ষা মন্ত্রণালয়
৫	বিশ্ববিদ্যালয়	খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
৬	বিএনসিসি	বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর
৭	IIC	Innovation and Innovator Cell
৮	CPR,B	Center for Poicy Research, Bangladesh
৯	IT Cell	Information Technology Cell
১০	IQAC	ইন্সটিটিউশনাল কোয়ালিটি এসোরেন্স সেল
১১	UDL	ইউনিভার্সিটি ডিজিটাল লাইব্রেরী

সংযোজনী -২:

কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

ক্রমিক নং	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা	পরিমাপ পদ্ধতি ও উপাত্তসূত্র	সাধারণ মন্তব্য
১	ভৌত অবকাঠামো উন্নয়ন	শিক্ষার্থীদের বাসস্থানের সুবিধাদি বৃদ্ধি এবং আধুনিক গবেষণা সুবিধাদি বৃদ্ধিকরণ	খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়	বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের বার্ষিক প্রতিবেদন ও বিশ্ববিদ্যালয়ের বার্ষিক বাজেট বই	
২	আইসিটি/আইটি কোর্স ও নতুন বিভাগ চালু	আইসিটি/ আইটি বিভাগ ও কোর্স চালুকরণ	খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়	বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের বার্ষিক প্রতিবেদন ও বিশ্ববিদ্যালয়ের বার্ষিক বাজেট বই	
৩	গবেষকদের গুনমান ও গবেষণার ক্ষেত্র বৃদ্ধি	শিক্ষক-শিক্ষার্থীদের প্রকৌশল ও প্রযুক্তির উপর প্রশিক্ষণ ও গবেষণা পরিচালনা করা হবে	খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়	বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের বার্ষিক প্রতিবেদন ও বিশ্ববিদ্যালয়ের বার্ষিক বাজেট বই	
৪	গবেষণা সম্পাদন	টেকসই প্রযুক্তি ব্যবহার এবং সৃজনশীল ধারণা জন্যক্ষেত্র প্রস্তুত এবং সামগ্রিক ভাবে দেশের যাতে উন্নয়ন হয়	খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়	বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের বার্ষিক প্রতিবেদন ও বিশ্ববিদ্যালয়ের বার্ষিক বাজেট বই	

সংযোজনী ৩:

অন্য মন্ত্রণালয়/ বিভাগের নিকট সুনির্দিষ্ট কর্মসম্পদন চাহিদাসমূহ

প্রতিষ্ঠানের ধরণ	প্রতিষ্ঠানের নাম	সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠনের সংশ্লিষ্ট মন্ত্রনালয়/ বিভাগের চাহিদা	চাহিদা/ প্রত্যাশার যৌক্তিকতা	উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদার মাত্রা উল্লেখ করুন।	প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব
১) স্বায়ত্বশাসিত	বাংলাদেশ হাইটেক পার্ক	আইসিটি/আইটি	আইসিটি/আইটি উন্নয়ন	আইসিটি/আইটি বিভাগ চালুকরণ	৯০%	বাজেট স্বল্পতা